



## সিলেট সীমান্তে ভারতীয়দের গুলিতে বাংলাদেশি দুই যুবক নিহত



সংগৃহীত ছবি

সিলেটের কোম্পানীগঞ্জ সীমান্তে ভারতীয় খাসিয়া আদিবাসীদের গুলিতে ২ বাংলাদেশি যুবক নিহত হয়েছেন এবং ১ যুবক গুরুতর আহত হয়েছেন।

শুক্রবার (১৯ ডিসেম্বর) সকালে তুরং এবং বরমসিদ্ধিপুর সীমান্তে এই ঘটনা ঘটে। নিহতরা হলেন, কোম্পানীগঞ্জের পূর্ব তুরং এলাকার আশিকুর রহমান ও বরমসিদ্ধিপুর গ্রামের মো. ইয়াকুব উদ্দিন।

স্থানীয় পুলিশ ও নিহতদের পরিবার সূত্রে জানা যায়, শুক্রবার সকাল ১১টার দিকে আশিকুর রহমান এবং মোশাঈদ নামের এক যুবক তুরং সীমান্ত এলাকায় গেলে, ভারতীয় খাসিয়া আদিবাসীরা তাদের লক্ষ্য করে তিন রাউন্ড গুলি ছোড়ে। ঘটনাস্থলেই আশিকুর রহমান নিহত হন এবং মোশাঈদ গুরুতর আহত হন, পরে তিনি পালিয়ে আসেন।

এক ঘণ্টা পর, ইয়াকুব উদ্দিন বরমসিদ্ধিপুর সীমান্তে গেলে তাকে লক্ষ্য করেও গুলি ছোড়া হয়। বেশ কয়েকটি গুলি তার শরীরে লাগে। পরে তার মরদেহ উদ্ধার করে পরিবারের সদস্যরা। এ ঘটনায় স্থানীয় পুলিশ প্রশাসন তদন্ত শুরু করেছে।